



স্মারক নং-চমেবি/রেজি:/গবে:/২০২০/৩৮৮

০৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

তারিখঃ -----

২২ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ গবেষণার জন্য প্রটোকল জমা দেওয়া প্রসঙ্গে।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেডিকেল এডুকেশন ও হেলথ কেয়ার সিস্টেম সম্পর্কিত উপযুক্ত বিষয়কে গবেষণার জন্য চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গ্র্যান্ট দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে। আপনার কলেজের আর্থ্রী গবেষককে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সংযুক্ত Proforma অনুযায়ী বাজেটসহ নিম্নোক্ত শর্তসাপেক্ষে গবেষণা পত্রের প্রটোকল আগামী ২৪/০১/২০২১ ইং তারিখের মধ্যে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তসমূহ:

- ১। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট Proforma অনুযায়ী গবেষণা প্রটোকল জমা দিতে হবে।
- ২। Research Protocol এ Institutional Review Board/ Ethical Review Committee এর Clearance থাকতে হবে।
- ৩। গবেষণার বাজেট ০২ (দুই) লক্ষ টাকার বেশি হতে পারবে না।
- ৪। Inform Consent বাংলা এবং ইংরেজীতে দিতে হবে।
- ৫। কমপক্ষে ১০টি থেকে ৩০টি রেফারেন্স থাকতে হবে।
- ৬। গবেষণার মেয়াদকাল ০১ (এক) বছরের বেশি হতে পারবে না।
- ৭। জাতীয় পর্যায়ে বা কোন ইনস্টিটিউটে চলমান বিষয়ের উপর প্রটোকল গ্রহণ করা হবে না।
- ৮। গবেষণার ক্ষেত্রে কোন খাতে কত খরচ হয়েছে বিস্তারিত হিসাবের বিবরণ দিতে হবে।
- ৯। থিসিস/ডিসারটেশন কোনভাবে গবেষণা প্রটোকল হিসেবে গ্রহণ করা হবে না।
- ১০। এমডি/এফসিপিএস শিক্ষার্থীরা ইনভেস্টিগেটর হতে পারবে না।
- ১১। প্রধান গবেষক একটামাত্র গবেষণা কর্মে নিয়োজিত থাকতে পারবেন।
- ১২। এমবিবিএস বা বিডিএস (বিএম এন্ড ডিসি কর্তৃক স্বীকৃত) ডিগ্রীপ্রাপ্তদের এবং প্রাক্তন শিক্ষকদের গবেষণা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ১৩। Research Protocol এ Declaration থাকতে হবে যে Research Protocol বাজেটসহ উপস্থাপন করার পর তা চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সম্পদ হিসেবে গন্য হবে এবং উক্ত Research Paper চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অনুমতি ব্যতিত অন্য কোথাও Published করা যাবে না। শুধুমাত্র চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জার্নালে Published হবে।
- ১৪। গবেষণা কর্ম সম্পন্ন হওয়ার পর উক্ত গবেষণা কর্মের হার্ড কপি (০৩ কপি) বাধাই করে ও সফটকপি আর্টিকেল ফরম্যাটে সিডি করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে।

উল্লেখ্য যে, কভিড-১৯ সম্পর্কিত গবেষণা কে অগ্রাধিকার দেওয়া হবে।

Dr. Hasina Nasrin

ডা. হাসিনা নাসরীন

রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়

বিতরণ:

অধ্যক্ষ

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সকল সরকারি/বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ

০৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

তারিখঃ -----

২২ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

স্মারক নং-চমেবি/রেজি:/গবে:/২০২০/

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭
- ২। লিয়াজেঁ ও প্রটোকল অফিসার, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)
- ৩। অফিস কপি।

রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)